

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫১০

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, হাদীসটি ইবনু ওয়াহাব আমর বিন হারিস থেকে এককভাবে বর্ণনা করেছেন, তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن هَذَا الْخَبَرَ تَفَرَّدَ بِهِ ابْنُ وَهْبِ عَنْ عَمْرِو بْنِ الْحَارِثِ

## আরবী

2510 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ عَبْدِ اللَّهِ الْقَطَّانُ قَالَ: حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ قَالَ: حَدَّثَنَا مُمْرُو بْنُ الْحَارِثِ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ جَابِرٍ قَالَ: بَعَثَنِي مُحَمَّدُ بْنُ شُعَيْبٍ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ جَابِرٍ قَالَ: بَعَثَنِي مُصُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَبْعَثًا فَوَجَدْتُهُ يَسِيلُ مُشْرِقًا وَمُغْرِبًا فَسَلَّمْتُ عَلَيْهِ وَسَلَّمَ مَبْعَثًا فَوَجَدْتُهُ يَسِيلُ مُشْرِقًا وَمُغْرِبًا فَسَلَّمْتُ عَلَيْهِ فَلَيْهِ وَسَلَّمَ مَبْعَثًا فَوَجَدْتُهُ يَسِيلُ مُشْرِقًا وَمُغْرِبًا فَسَلَّمْتُ عَلَيْهِ فَلَيْهِ وَسَلَّمَ مَبْعَثًا فَوَجَدْتُهُ يَسِيلُ مُشْرِقًا وَمُغْرِبًا فَسَلَّمْتُ عَلَيْهِ فَلَيْهِ فَلَيْهُ وَسَلَّمَ مَبْعَثًا فَوَجَدْتُهُ وَانصرفتُ , [فَنَادَانِي: ((يَا جَابِلُ))] فَنَادَانِي لَلْفُوتُ النَّهُ عَلَيْهِ فَأَشَارَ بِيَدِهِ فَأَشَارَ بِيَدِهِ فَانصرفتُ , [فَنَادَانِي: ((يَا جَابِلُ))] فَنَادَانِي النَّاسُ: يَا جَابِلُ فَأَتَيْتُهُ فَقُلْتُ : يَا رَسُولَ اللَّهِ قَدْ سَلَّمْتُ عَلَيْكَ [فَلَمْ تردَّ عَلَيَّ] قَالَ: (ذَاكَ أَنِي كنت أصلى)

الراوي: جَابِر | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2510 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (859): م.

## বাংলা

২৫১০. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একটা প্রয়োজনে আমাকে পাঠান অতঃপর আমি তাঁর কাছে আসি, এসময় তিনি সফরে পূর্ব দিকে অথবা পশ্চিম দিকে চলছিলেন। আমি তাঁকে সালাম দেই। তিনি তাঁর হাত দিয়ে ইশারা করেন। তারপর আমি আবারো তাঁকে সালাম দেই। এবারো তিনি তাঁর হাত দিয়ে ইশারা করেন। তারপর আমি চলে যাই। পরে তিনি আমাকে ডাকেন, "হে জাবির।" তখন লোকজন আমাকে ডাক দেন। তারপর আমি তাঁর কাছে এসে বললাম, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, নিশ্চয়ই আমি আপনাকে সালাম দিয়েছিলাম কিন্তু আপনি আমার সালামের কোন উত্তর দেননি।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "সে সময় আমি সালাত আদায় করছিলাম।"[1]



## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩৩৪; সহীহ মুসলিম: ৫৪০; নাসাঈ: ৩/৬; ইবনু মাজাহ: ১০১৮; সুনান বাইহাকী: ২/২৫৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৮৫৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন